**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 27-03-2026** **Desk in Charge : K.L./S.D.G.**
**Time:- 1.40 PM** **Edit. : K.L./ Indranil M.**
**DEO: KB** **Compiling & NRT : Raktim B.**
**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ সরকার, ডিজেলের ওপর অন্তঃশুল্ক সম্পূর্ণ প্রত্যাহার করে নিয়েছে।
#পেট্রোলের ক্ষেত্রে লিটার পিছু শুল্কের হার, ১০ টাকা কমিয়ে করা হয়েছে তিন টাকা।
# কমানো হয়েছে অ্যাভিয়েশন টার্বাইন ফুয়েলের অন্তঃশুল্ক।

২/ নদীয়ার রাণাঘাটে প্রশিক্ষণ চলাকালীন এক ভোটকর্মীকে মারধোরের অভিযোগে উত্তেজনা। # ঘটনায় রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন।

৩/ রাজ্যের বিধানসভা নির্বাচনে, রিটার্নিং অফিসারদের ফের একদফা রদবদল ও নতুন নিয়োগের নির্দেশ, নির্বাচন কমিশনের।

৪/ প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন।

৫/ রামনবমী উপলক্ষ্যে জেলায় জেলায় আজও, চিরাচরিত ধর্মীয় মর্যাদায় শোভাযাত্রার আয়োজন করা হয়েছে।

****************************************************************

কেন্দ্রীয় সরকার, ডিজেলের ওপর অন্তঃশুল্ক সম্পূর্ণ প্রত্যাহার করে নিয়েছে। পেট্রোলের ক্ষেত্রে এই হার কমিয়ে লিটার পিছু তিন টাকা করা হয়েছে। এর আগে এই হার ছিল লিটার পিছু ১৩ টাকা। আজ এক বিজ্ঞপ্তি জারী করে কেন্দ্র এই সিদ্ধান্তের কথা জানায়।

পশ্চিম এশিয়ার সংঘাতের প্রেক্ষিতে দেশের নাগরিককে স্বস্তি দিতেই কেন্দ্রের এই পদক্ষেপ। একই সঙ্গে কমানো হয়েছে বিমানের জ্বালানী হিসেবে এভিয়েশন টার্বাইন ফুয়েলের ওপর অন্তঃশুল্ক। অবিলম্বে এই নির্দেশ কার্যকর হয়েছে।

**********************

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী আজ বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্র-ইজরায়েল-ইরান যুদ্ধ এবং হরমুজ প্রণালীতে সৃষ্ট অচলাবস্থার মধ্যে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বৃদ্ধির প্রেক্ষাপটে সরকার দেশের সাধারণ মানুষকে রক্ষা করার জন্য দায়বদ্ধ। তিনি বলেন, গ্রাহকদের উপর বোঝা চাপানোর পরিবর্তে সরকার নিজেদের কাধেই আর্থিক দায়িত্ব বহন করবে ।

সমাজ মাধ্যমে একবার্তায় তিনি জোর দিয়ে বলেন গত এক মাসে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৭০ ডলার থেকে বৃদ্ধি পেয়ে প্রায় ১২২ ডলার হয়েছে। এর ফলে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতে পেট্রোল ও ডিজেলের দাম তিরিশ থেকে ৫০ শতাংশ, উত্তর আমেরিকায় প্রায় ৩০ শতাংশ, ইউরোপে ২০ শতাংশ এবং আফ্রিকার দেশগুলিতে প্রায় ৫০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন এই পরিস্থিতিতে সরকারের কাছে দুটি পথ খোলা ছিল। দাম বৃদ্ধি করে নাগরিকদের ওপর চাপ সৃষ্টি করা অথবা সরকার নিজেদের কাঁধে দায় তুলে নেওয়া।

শ্রী পুরী বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাশিয়া ইউক্রেন সংঘর্ষ শুরু হবার পর গত চার বছর ধরেই সরকার তার দায়বদ্ধতা রক্ষা করে আসছে।

**********************

পশ্চিম এশিয়ার সংঘাতের প্রেক্ষিতে উদ্ভুত পরিস্থিতি নিয়ে আলোচনা করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠকে বসছেন। ভোটমুখী ৪ রাজ্য–পশ্চিমবঙ্গ, তামিলনাড়ু, অসম, কেরালা ও কেন্দ্রশাসিত

অঞ্চল  পুদুচেরীতে আদর্শ আচরণবিধি চালু থাকায় এই রাজ্যগুলি বৈঠকে যোগ দিতে পারবে না। ভিডিও কনফারেন্সের মাধ্যমে আয়োজিত ওই বৈঠকে সঙ্কটের এই সময়ে রাজ্যগুলির প্রস্তুতি এবং পরিকল্পনা খতিয়ে দেখা হবে। দেশ হিসেবে লড়াই করতে টিম ইন্ডিয়ার ভাবনা আরো জোরদার করার লক্ষ্যেই এই বৈঠকের আয়োজন করা হয়েছে বলে ডিডি নিউজ সূত্রে জানা গেছে।

এদিকে, মন্ত্রিভার সচিবালয়ের পক্ষ থেকেও আজ বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিবদের সঙ্গে পৃথক বৈঠক করা হবে।

**********************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন সুনিশ্চিত করে বলেছেন, সরকার, পেট্রল, ডিজেল এমনকি বিমানের জ্বালানির মূল্য কোনওভাবেই বৃদ্ধি করবে না। নতুনদিল্লিতে আজ সাংবাদিকদের তিনি বলেন, পশ্চিম এশিয়ার বর্তমান পরিস্থিতির কথা মাথায় রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটি বৈঠকে জানিয়েছেন, দেশে বর্তমানে পেট্রল, ডিজেল এবং বিমানের জ্বালানির কোনও ঘাটতি নেই, এবং জনগণের স্বার্থে এই পরিস্থিতিতে এগুলোর মূল্য কখনোই বাড়া উচিৎ নয়।

**********************

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী  বলেছেন, লকডাউনের যে গুজব ছড়িয়েছে তার সম্পূর্ণ ভিত্তিহীন। তিনি বলেন,সরকারের এই ধরনের কোনো প্রস্তাব বিবেচনার মধ্যে নেই। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রীপুরী আজ জানিয়েছেন, বর্তমান বিশ্ব পরিস্থিতি স্বাভাবিক নয়। সরকার সামগ্রিক পরিস্থিতি গভীরভাবে পর্যবেক্ষণ করছে। জ্বালানি তেল, গ্যাস সহ অন্যান্য গুরুত্বপূর্ণ সরবরাহ যাতে সাধারণ মানুষের কাছে পৌঁছায় তা সুনিশ্চিত করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন যে কোন পরিস্থিতির মোকাবিলা করতে ভারত প্রস্তুত।

**********************

রাজ্যগুলিকে দেওয়া বাণিজ্যিক এলপিজি এর পরিমাণ আরও ২০ শতাংশ বৃদ্ধি করে ৭০ শতাংশ করল কেন্দ্র। পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের সচিন ডঃ নীরজ মিত্তল

আজ একটি চিঠিতে, বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিবকে লেখা চিঠিতে জানিয়েছেন- যে অতিরিক্ত ২০ শতাংশ বাণিজ্যিক এলপিজি সরবরাহ রাজ্যগুলিকে বাড়ানো হচ্ছে তা ইস্পাত ,গাড়ি বস্ত্র, রসায়ন, প্লাস্টিক এবং রঞ্জক শিল্পকে অগ্রাধিকারের ভিত্তিতে দিতে হবে।

**********************

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেছেন ভারত বিশ্ব জুড়ে জেনেরিক ওষুধের প্রায় ৩০ শতাংশ সরবরাহ করে। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে উত্তর দেওয়ার সময় তিনি বলেন ভারতের এই ভূমিকা গোটা বিশ্বে সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন ভারত জেনেরিক ওষুধ রপ্তানি এবং উৎপাদনের ক্ষেত্রে গোটা বিশ্বে নিজের পরিচিতি মজবুত করেছে। এই ওষুধের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে।

তিনি আরও বলেন রোগীদের চিকিৎসায় জেনেরিক ওষুধ ব্যবহার বাধ্যতামূলক করে সে ব্যাপারে একটি সুস্পষ্ট বিধি প্রণয়ন করার সিদ্ধান্ত নিয়েছে। সরকারী স্বাস্থ্য কেন্দ্র গুলিতে এই বিধি কঠোর ভাবে কার্যকর সুনিশ্চিত করতে কেন্দ্র রাজ্যগুলির সঙ্গে কাজ করছে।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

**********************

**নদীয়ার রাণাঘাটে দেবনাথ ইন্সটিটিউটে ভোটকর্মীদের প্রশিক্ষণ শিবিরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ছবি সম্বলিত ভিডিও ক্লিপিং দেখানোর প্রতিবাদ করায়, এক ভোটকর্মীকে মারধোরের অভিযোগ উঠেছে। আহত ভোটকর্মী সৈকত চ্যাটার্জি জানিয়েছেন, বিডিও-র উপস্থিতিতেই তাঁকে মারধোর করা হয়। অন্যান্য ভোট কর্মীরা এই ঘটনার প্রতিবাদে বিক্ষোভে ফেটে পড়েন। প্রশিক্ষণ আজকের জন্য বন্ধ রাখা হয়েছে।**
**নির্বাচন কমিশন, নদীয়ার জেলাশাসকের কাছ থেকে এই ঘটনার রিপোর্ট তলব করেছে। একটি প্রতিবেদন-**

( বাইট- অনুপম/ পিটিসি )

**********************

বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজ্যে রিটার্নিং অফিসারদের ফের একদফায় রদবদল ও নতুন করে নিয়োগের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কমিশনের তরফে মুখ্য সচিবকে পাঠানো চিঠিতে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত জানানো হয়েছে। আগের নির্দেশে আংশিক সংশোধন করে নতুন করে রিটার্নিং অফিসারদের তালিকা প্রস্তুত করা হয়েছে এবং মোট ৯টি শূন্যপদ দ্রুত পূরণের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি আরামবাগ বিধানসভা কেন্দ্রের জন্য এসডিও রবি কুমারকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করার কথাও উল্লেখ করা হয়েছে। চিঠিতে স্পষ্টভাবে জানানো হয়েছে যে সংশ্লিষ্ট আধিকারিকদের আজ বিকেল ৫টার মধ্যে নিজ নিজ কেন্দ্রে যোগ দিতে হবে।

**********************

রাজ্যে SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন তালিকায় থাকা বাকি নাম ঝাড়াই-বাছাইয়ের পর আজ পরবর্তী অতিরিক্ত তালিকা প্রকাশিত হওয়ার কথা। প্রায় ৬০ লক্ষ নামের মধ্যে ইতমধ্যেই নিষ্পত্তি হয়েছে ৩২ লক্ষের। এর মধ্যে প্রায় ৪০ শতাংশ নাম, বাদ গেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, গত সোমবার প্রায় ১০ লক্ষ ভোটদাতার প্রথম সাপ্লিমেন্টারি তালিকা প্রকাশিত হয়। ই-সাইন প্রক্রিয়া অনুমোদিত নামগুলিই তালিকায় রয়েছে বলে জানা গেছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের পক্ষ থেকে প্রতিদিন তালিকা প্রকাশের অনুমতি চেয়ে কলকাতা হাইকোর্টে আবেদন জানানো হয়।

**********************

ভোটের দামামা বেজে ওঠার সঙ্গে সঙ্গে জেলাগুলিতে শুরু হয়েছে প্রস্তুতি।
**দক্ষিণ চব্বিশ পরগণা** জেলা, প্রতিটি নির্বাচনেই নানা কারণে থাকে শিরোনামে।
এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

************************

রাজ্যে বিধানসভা নির্বাচন প্রক্রিয়ায় শীর্ষস্থানীয় আধিকারিকদের বদলি করার বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া জনস্বার্থ মামলার শুনানি শেষে, 'রায়দান স্থগিত' রেখেছে কলকাতা হাইকোর্ট। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ, নির্বাচন কমিশনকে এই সংক্রান্ত নথি আগামী সোমবার আদালতে জমা করার নির্দেশ দিয়েছেন। তারপরই এই মামলার রায় ঘোষণা করবে হাইকোর্ট।

রাজ্যের বক্তব্যের প্রেক্ষিতে কমিশনের আইনজীবী আদালতে জানিয়েছেন, আসন্ন নির্বাচনে পশ্চিমবঙ্গের তুলনায় অন্যান্য রাজ্যের আমলা, পুলিশ আধিকারিকদের বেশি সংখ্যায় বদলি করা হয়েছে।

**********************

প্রবীণ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, রাত এগারোটা চল্লিশ নাগাদ তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছবেন। এরপর নিউটাউনে একটি বেসরকারি হোটেলে রাত্রিবাসের পর আগামীকাল দুপুর ১২টায় এক সাংবাদিক বৈঠকে আসন্ন বিধানসভা নির্বাচন সংক্রান্ত বিষয় নিয়ে বক্তব্য রাখবেন শ্রী শাহ।

**********************

জেলায় জেলায় আজও রাম নবমী উপলক্ষ্যে চিরাচরিত ধর্মীয় মর্যাদায় মিছিলের আয়োজন করা হয়েছে। রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ, বিশ্ব হিন্দু পরিষদ, হিন্দু জাগরণ মঞ্চের সম্মিলিত নেতৃত্বে মুর্শিদাবাদের সব থেকে বড় শোভাযাত্রা আয়োজিত হচ্ছে বহরমপুর শহরে। বহরমপুর কৃষ্ণমাটিতে বৈদিক যজ্ঞ এবং ৩ হাজার কন্ঠের গীতাপাঠের আয়োজন করা হয়েছে। অন্যদিকে জেলার বেলডাঙা ও সুতিতে ভারত সেবাশ্রম সংঘের পরিচালনায় শোভাযাত্রা এবং পুজোর আয়োজন চলছে। জেলার ইসলামপুর, গোয়াস, বহরমপুর রামরাজাতলার মতো এলাকায় মন্দিরে বিশেষ পুজো ছাড়াও বসেছে গ্রামীণ মেলা। রামনবমীকে ঘিরে ভক্তিময় পরিবেশে সেজে উঠেছে শিলিগুড়ির হিন্দি হাইস্কুল

বাঁকুড়ায় রামনবমী উপলক্ষ্যে প্রতি বছরের মতো এবারও বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছে।

*********************************************************************